পীরগঞ্জ সরকারি কলেজ
ঠাকুরগাঁও
*Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com*
(অধ্যক্ষ) ফোন : ০২৫৮৯৯৩৩১৮৪ মোবাইল :০১৭৪০-৪৭৩৪৯৩,০১৩০৯১২৮৯৬৫ (উপাধ্যক্ষ)ফোন : ০২৫৮৯৯৩৩২০১

বিজ্ঞপ্তি নম্বর - ৩৫০

তারিখ : ১৯/০৫/২০২২ খ্রি.

# ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও-এ নিম্নলিখিত বিষয়সমূহে উল্লেখিত শর্তাবলী সাপেক্ষে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

**বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান এবং প্রাণিবিজ্ঞান।**

## আবেদনের যোগ্যতা :

১। **মানবিক শাখা হতে পাসকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ঃ** বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষাবোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৮/২০১৯ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং ২০২০/২০২১ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২। **বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা হতে পাসকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ঃ** ২০১৮/২০১৯ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং ২০২০/২০২১ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

৩। **বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে শুধুমাত্র-**
(ক) এইচএসসি (ভোকেশনাল) (খ) এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) (গ) ডিপ্লোমা -ইন- কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২নং শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

৪। আবেদনকারী প্রার্থীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তিযোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০০ থাকতে হবে।

## প্রাথমিক আবেদনের সময়সূচি:

আবেদনকারীকে আগামী ২২/০৫/২০২২খ্রি. বিকাল ৪.০০টা হতে ০৯/০৬/২০২২খ্রি. তারিখ রাত ১২.০০টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট www.nu.ac.bd/admissions হতে **প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে এবং ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে।**

## প্রাথমিক আবেদন ফি:

প্রাথমিক আবেদন ফরম ডাউনলোডের পর আবেদন ফি বাবদ ২৫৫/- টাকা *(জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ২৫০+ বিকাশ চার্জ ৫= ২৫৫/- টাকা)* আগামী ২৩/০৫/২০২২ খ্রি. থেকে ১১/০৬/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং(বিকাশ) এর মাধ্যমে জমা দিতে হবে।

## প্রাথমিক আবেদন ফরম ও আবেদন ফি পেমেন্টের কপি কলেজে জমাদানের তারিখ ও স্থান ঃ

প্রাথমিক আবেদন ফরম ও মোবাইল ব্যাকিং(বিকাশ) এর মাধ্যমে আবেদন ফি পেমেন্টের কপি আগামী ২৩/০৫/২০২২খ্রি. হতে ১১/০৬/২০২২খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **অর্থনীতি বিভাগে জমা দিতে হবে।**

## প্রাথমিক আবেদন ফি জমাদানের পদ্ধতি:

### * বিকাশ অ্যাপের মাধ্যমে পেমেন্ট পদ্ধতি:

১। আপনার বিকাশ অ্যাপে লগ-ইন করুন।

২। Home Screen থেকে Payment Select করুন।

৩। Merchant Number (01740473493) দিন।

৪। টাকার পরিমাণ 255 Type করুন।

৫। পরবর্তী ধাপে আপনার টাকার পরিমাণ যাচাই করুন এবং আপনার Payment Reference নম্বরে কোন স্পেস ছাড়াই জাতীয় বিশ্ববিদ্যালয়ের Application From-এ প্রদত্ত Roll নম্বর এবং আবেদনকারীর মোবাইল নম্বর দিন।

*** নমুনা: 7894567017396××412

Roll Mobile No

৬। আপনার বিকাশ PIN নম্বর দিন।
৭। Payment সম্পন্ন করার জন্য "Tape and Hold to Make Payment" চেপে ধরে Payment সম্পন্ন করুন।
৮। Payment সম্পন্ন করার পর যে মোবাইল নম্বর হতে Payment করা হয়েছে সেই মোবাইল নম্বরে একটি Payment SMS যাবে যা অবশ্যই আবেদনকারীকে সংরক্ষণ করতে হবে।

## * বিকাশ অ্যাপ ছাড়া *247# ডায়াল করে বিকাশ পেমেন্ট পদ্ধতিঃ

১। *247# ডায়াল করুন।
২। পেমেন্ট করতে 4 বেছে নিন।
৩। Merchant নম্বরটি (01740473493) দিন।
৪। আপনার Payment এর পরিমাণ 255 লিখুন।
৫। আপনার Payment Reference নম্বরে কোন স্পেস ছাড়াই জাতীয় বিশ্ববিদ্যালয়ের Application From-এ প্রদত্ত Roll নম্বর এবং আবেদনকারীর মোবাইল নম্বর দিন।

*** নমুনাঃ 7894567017396××412

Roll Mobile No

৬। Payment সম্পন্ন করতে কাউন্টার নাম্বার '1' চেপে পরের ধাপে যান।
৭। Payment এর তথ্য যাচাই বাছাই করে আপনার বিকাশ PIN নম্বর দিয়ে Payment সম্পন্ন করুন।
৮। Payment সম্পন্ন করার পর যে মোবাইল নম্বর হতে Payment করা হয়েছে সেই মোবাইল নম্বরে একটি Payment SMS যাবে যা অবশ্যই আবেদনকারীকে সংরক্ষণ করতে হবে।

## বিশেষ সতকর্তা :

**উল্লেখিত আবেদন ফি ২৫৫/- টাকার কম Payment করলে কিংবা Payment Reference নম্বরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের Application From-এ প্রদত্ত Roll নম্বর এবং আবেদনকারীর মোবাইল নম্বর না দিলে/ভুল দিলে আবেদন ফরম নিশ্চায়ন সংক্রান্ত কোনরূপ জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। তাই সতকর্তার সাথে Payment সম্পন্ন করতে হবে।**

## বিশেষ দ্রষ্টব্যঃ

(১) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থীরা ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

(২) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(৩) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফলাফল প্রকাশিত হওয়ার পর ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য ও নির্দেশনা কলেজ নোটিশ বোর্ডে ও কলেজের নিজস্ব ওয়েবসাইটে (***www.pirganjgc.edu.bd***) এবং কলেজের ফেইসবুক পেইজ 'Pirganj Govt. College, Thakurgaon. Online Class' -এ প্রকাশ করা হবে।

(৪) ভর্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd -এ ১৭/০৫/২০২২খ্রি. তারিখে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি হতে জানা যাবে।

(৫) প্রয়োজনে যোগাযোগঃ ০১৭৭৩৪৯৭৩২২ (ফনীন্দ্র নাথ বর্মন, প্রভাষক,রসায়ন); ০১৭৪৫৮৬১৫১২ (মুহাম্মদ সাইফুল ইসলাম, সহকারী অধ্যাপক, প্রাণিবিদ্যা)।

প্রতি স্বাক্ষরিত

২১/৫/২২

(প্রফেসর মোঃ কামরুল হাসান-৪৩২৯)
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
পীরগঞ্জ সরকারি কলেজ
ঠাকুরগাঁও।

১৯.০৫.২০২২

(মোঃ একরামুল হক)
সহযোগী অধ্যাপক, অর্থনীতি
ও
আহবায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি ২০২১-২০২২
পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও
মোবা: ০১৭১২৪৯৮১১৪